

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ এর ২.৭ অনুযায়ী মুজিববর্ষ উপলক্ষে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি
তদারকিকরণ সংক্রান্ত ফেব্রুয়ারি-২০২২ সভার কার্যবিবরণী

সভাপতি	জি এস এম জাফরউল্লাহ এনডিসি বিভাগীয় কমিশনার
সভার তারিখ	২২ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.
সভার সময়	বেলা ১.০০ টা
স্থান	বিভাগীয় কমিশনার মহোদয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সম্মেলন কক্ষে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা “মুজিববর্ষে দেশে কেউ গৃহহীন থাকবে না” বাস্তবায়ন করার নিমিত্ত সমন্বিত উদ্যোগ গ্রহণ করার জন্য সকলকে আহবান জানান। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), রাজশাহী বিভাগকে মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ বিষয়ে একটি উপস্থাপনা প্রদানের বিষয়ে অনুরোধ করেন।

২. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন

সভায় জানুয়ারি, ২০২২ মাসের কার্যবিবরণী পঠিত হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

৩. বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি

জানুয়ারি, ২০২২ মাসে অনুষ্ঠিত মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার নিম্নরূপঃ

ক্রমিক নং	সভার তারিখ	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়িত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের হার
০১	৩০/০১/২০২২ খ্রি.	০৫ টি	০৪ টি	৮০%

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), রাজশাহী এ বিভাগের সকল জেলা প্রশাসক হতে প্রাপ্ত ‘ক’ শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবারের সংখ্যা এবং মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা “মুজিববর্ষে দেশে কেউ গৃহহীন থাকবে না” বাস্তবায়নের লক্ষ্যে আশ্রয়ণ-২ প্রকল্পে গৃহহীনদের পূর্নবাসনের জন্য গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণের বিষয়ে সভায় বিশেষ গুরুত্বারোপ করেন। প্রদত্ত ছক পর্যালোচনায় দেখা যায়, রাজশাহী বিভাগে ১ম পর্যায়ে মোট ৭১১৯ টি গৃহ বরাদ্দ ও নির্মিত হয়। ২য় পর্যায়ে ৭১৭২ টি গৃহ বরাদ্দ ও নির্মিত হয়। ৩য় পর্যায়ে (১ম ধাপে ২৮৩৪টি এবং ২য় ধাপে ৩৩১৯টি) মোট ৬১৫৩ টি গৃহের বরাদ্দ পাওয়া গেছে তন্মধ্যে ৭৬২ টি গৃহ নির্মিত হয়েছে। সভাপতি অবশিষ্ট গৃহ ১৬/০৩/২০২২ খ্রি. তারিখের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। রাজশাহী বিভাগের সকল জেলার আশ্রয়ণ-২ প্রকল্পে গৃহহীনদের পূর্নবাসনের জন্য ৩য় পর্যায়ে গৃহ নির্মাণ কাজের অগ্রগতি উপস্থাপিত তথ্য অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৪. মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের (‘ক’ শ্রেণি) জন্য ২য় পর্যায়ে গৃহ নির্মাণ কাজের অগ্রগতি

সংক্রান্ত ছক:

জেলার নাম	জুন, ২০২০ অনুযায়ী ভূমিহীন ও গৃহহীন (‘ক’ শ্রেণি) পরিবারের সংখ্যা	০৭/০১/২০২২ খ্রি. অনুযায়ী হালনাগাদকৃত ভূমিহীন ও গৃহহীন (‘ক’ শ্রেণি) পরিবারের সংখ্যা	১ম ও ২য় পর্যায়ে নির্মিত ঘরের সংখ্যা	৩য় পর্যায়ের ১ম ধাপে গৃহ নির্মাণ কাজের অগ্রগতি			৩য় পর্যায়ের ২য় ধাপে গৃহ নির্মাণ কাজের অগ্রগতি		৩য় (১ম+২য় ধাপ) পর্যায়ে বরাদ্দ মোট গৃহের সংখ্যা (৫+৯)	৩য় পর্যায়ের ২য় ধাপে গৃহ নির্মাণ কাজ সমাপ্ত হওয়ার সম্ভাব্য তারিখ	অবশিষ্ট ভূমিহীন ও গৃহহীন (‘ক’ শ্রেণি) পরিবারের সংখ্যা	মন্তব্য
				বরাদ্দ প্রাপ্ত গৃহের সংখ্যা	নির্মিত গৃহের সংখ্যা	গৃহ নির্মাণ কাজ সমাপ্ত হওয়ার সম্ভাব্য তারিখ	গৃহ নির্মাণের চাহিদা	গৃহ নির্মাণের বরাদ্দ				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
রাজশাহী	১০৬৩২	৪৩২১	১৫৪৬	৪৮১	২৫৭	২৮/০২/২০২২	৭৮৬	৭৮৬	১২৬৭	৩১/০৫/২০২২	১৫০৮	
চাঁপাইনবাবগঞ্জ	১৮৩৩	৪৫৫৪	৩৯৩৮	৩০৫	৩০	২৮/০২/২০২২	৩১১	৩১১	৬১৬	৩০/০৫/২০২২		

নওগাঁ	২২১৫	২৩৯৩	১৫৫৮	৪১৯	৩১	২৮/০২/২০২২	১৫১	১৫১	৫৭০	১৫/০৬/২০২২	২১৫	
নাটোর	৪৫৭০	৪৫১১	১৯৩৯	৪৫৪	১৩৯	২০/০৩/২০২২	৯৮৪	৯৮৪	১৪৩৮	৩০/০৫/২০২২	৮৯৪	লালপুর উপজেলায় ২৪০ টি পরিবার কে নির্মাণাধীন রসুলপুর আশ্রয়ণ প্রকল্পে ব্যারাক নির্মাণের মাধ্যমে পুনর্বাসন করা হবে
বগুড়া	৮৭৩৯	৪০২৪	২৩০৯	৫৬১	০	১৪/০৩/২০২২	৬৭৩	৬৭৩	১২৩৪	০৭/০৬/২০২২	৪৮১	
জয়পুরহাট	১২৭৩	৯৬৭	৩০১	১০০	১০০	১৫/০৩/২০২২	১১৪	১১৪	২১৪	৩০/০৬/২০২২	২৮৭	
পাবনা	৪৫৫৭	৩৮৮৩	১৪২৩	৩০৯	০	২৮/০২/২০২২	৮৫	৮৫	৩৯৪	০৭/০৬/২০২২	২০৬৬	
সিরাজগঞ্জ	৩২৫৫	২৬২২	১২৭৭	২০৫	২০৫	১০/০৩/২০২২	২১৫	২১৫	৪২০	৩০/০৫/২০২২	৯২৫	
বিভাগের মোট	৩৭০৭৪	২৭২৭৫	১৪২৯১	২৮৩৪	৭৬২	-	৩৩১৯	৩৩১৯	৬১৫৩	-	৬৩৭৬	

৫. সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন

সিদ্ধান্ত	বাস্তবায়ন
১. মুজিব শতবর্ষে ৩য় পর্যায়ের ১ম, ২য় ও ৩য় ধাপে বরাদ্দপ্রাপ্ত গৃহ নির্মাণ কাজের পাশাপাশি অবশিষ্ট ভূমিহীন ও গৃহহীন ('ক' শ্রেণি) পরিবার পুনর্বাসনের জন্য অতিরিক্ত গৃহ নির্মাণে সক্ষম হলে নতুন গৃহের চাহিদা আগামী ২৮/০২/২০২২ খ্রি. তারিখের মধ্যে আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয় বরাবর প্রেরণ করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ
২. ৩য় পর্যায়ে গৃহ নির্মাণে মাটি ভরাটের চাহিদা থাকলে (সর্বোচ্চ ৩ ফুট) জরুরি ভিত্তিতে আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয় বরাবর প্রেরণ করতে হবে।	
৩. মুজিব শতবর্ষের ৩য় পর্যায়ে চলমান কাজের নির্মাণ সামগ্রীর গুণগতমান নিশ্চিত হতে সঠিকভাবে ব্যবহার করতে হবে এবং নির্মাণ কাজের গুণগতমান বজায় রাখতে হবে।	
৪. ৩য় পর্যায়ে ১ম ধাপে বরাদ্দ প্রাপ্ত নির্মাণাধীন গৃহের কাজ দ্রুত শেষ করতে হবে।	
৫. গৃহ নির্মাণের কাজে জনপ্রতিনিধি ও সাংবাদিকদের সম্পৃক্ত করতে হবে।	


সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সম্মেলন কক্ষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



জি এস এম জাফরউল্লাহ এনডিসি
বিভাগীয় কমিশনার

সদয় অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) প্রকল্প পরিচালক, আশ্রয়ণ প্রকল্প
- ৪) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রাজশাহী
- ৫) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/টাঙ্গাইল/বাবুগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
- ৬) উপ-ভূমি সংস্কার কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৭) সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার, আইসিটি শাখা, এ কার্যালয় (ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)



মোছাঃ মমতাজ মহল

সিনিয়র সহকারী কমিশনার